নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
Noakhali-3814, Bangladesh

Fax : +880-321-72704
Mobile : +8801309568054
E-mail : student.counselling@nstu.edu.bd
Website: www.nstu.edu.bd

ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ

স্মারকঃ নোবিপ্রবি/ছাপওনি/২০২৫/ ৩৪৩ তারিখঃ ১৪/০৮/২০২৫

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়গুলোতে বিভিন্ন বিভাগ, দপ্তর এবং সংগঠনের নবীনবরণ, বিদায় অনুষ্ঠানসহ অন্যান্য অনুষ্ঠানে ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ হতে টেবিল ক্লথ, তোয়ালে, কাপ-পিরিচ, প্লেট/হাফপ্লেট, গ্লাস, চেয়ার ও টেবিলসহ বিভিন্ন সামগ্রী নেওয়া হচ্ছে, যা অনেক ক্ষেত্রে পরবর্তীতে হারিয়ে যাচ্ছে বা নষ্ট অবস্থায় ফেরত আসছে।

উল্লেখ্য যে, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের রক্ষিত উক্ত সামগ্রীসমূহ শুধুমাত্র অত্র বিভাগের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক নির্দেশিত যে সকল অনুষ্ঠানাদি ও জাতীয় দিবসসমূহ পালিত/উদ্‌যাপিত হয় সে সকল অনুষ্ঠানের জন্য সংরক্ষিত।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক নির্দেশিত অনুষ্ঠানাদি ও জাতীয় দিবসসমূহ সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ হতে উপরে বর্ণিত সামগ্রীসমূহ দেওয়া সম্ভব হবে না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/ক্লাব/সংগঠনসমূহকে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠান পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

14.08.2025
ড. মোঃ শিবলুর রাহমান
পরিচালক
ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. ডিনবৃন্দ, সকল অনুষদ, নোবিপ্রবি।
২. ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, নোবিপ্রবি।
৩. বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, নোবিপ্রবি, (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
৪. হল প্রভোস্টবৃন্দ (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
৫. প্রক্টর, নোবিপ্রবি।
৬. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রচারের অনুরোধসহ)।
৭. পরিচালক, আইসিটি সেল, নোবিপ্রবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. দপ্তর প্রধানবৃন্দ।
৯. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
১০. উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
১১. ডেপুটি রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ মহোদয়ের দপ্তর, নোবিপ্রবি।
১২. ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, নোবিপ্রবি।
১৩. ডেপুটি রেজিস্ট্রার, কেন্দ্রীয় প্রেরণ শাখা (সংশ্লিষ্টদের প্রেরণের অনুরোধসহ)।
১৪. সভাপতি, সকল ক্লাব ও সংগঠন।
১৫. নথি।

মোঃ মেহেদী হাসান 14.08.2025
সহকারী রেজিস্ট্রার
ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ